# 48th BCS Preli Program

## 48th BCS Preli Pioneer Service

### Daily Live Exam International Affairs-02

### MCQ Master Set: 1 (Question & Solution)

Question 1

‘ফ্যাসিজম’ এর প্রবর্তক কে?

A. গর্বাচেভ

B. মুসোলিনি ✔

C. হিটলার

D. মাও সে তুং

**Solution:**
‘ফ্যাসিজম’ এর প্রবর্তক ইতালির একনায়ক বেনিটো মুসোলিনি। তিনি ছিলেন জাতীয়তাবাদী ফ্যাসিস্ট দলের নেতা। তিনি ১৯২২ সালে সরকার গঠন করেন।

Question 2

বলশেভিক দলের প্রতিষ্ঠাতা কে?

A. কেরেনেস্কি

B. ভি আই লেনিন ✔

C. বরিস ইয়েলেৎসিন

D. মিখাইল গর্বাচেভ

**Solution:**

ভি আই লেনিন তিনি ছিলেন বলশেভিক দলের প্রতিষ্ঠাতা । জীবনের শেষ দিন পর্যন্ত তিনি সোভিয়েত ইউনিয়নের রাষ্ট্রপ্রধান ছিলেন। Imperialism, the Highest Stage of Capitalism ১৯১৭ সালে প্রকাশিত হওয়া সোভিয়েত ইউনিয়নের প্রতিষ্ঠাতা ভ্লাদিমির ইলিচ-উলিয়ানোভ লেনিন কর্তৃক লিখিত পুঁজিবাদের স্বরূপ উন্মোচনকারী একটি বিখ্যাত বই। বইটি কার্ল মার্কসের Das Kapital –এর অর্থনৈতিক তত্ত্বের উপর ভিত্তি করে লেখা। তাঁর বিখ্যাত আরও কিছু গ্রন্থের নাম – The Development of Capitalism in Russia, Left-Wing Communism: An Infantile Disorder. লেনিন ছিলেন রুশ বিপ্লবের নায়ক। লেনিন 'এপ্রিল থিসিস' পেশ করেন ৭ এপ্রিল, ১৯১৭ সালে। ১৯২৪ সালের ২১ জানুয়ারি লেনিন মৃত্যু বরণ করেন।

Question 3

ফ্রাঙ্কফুর্ট শহরটি কী জন্য বিখ্যাত?

A আইস হকি

B বইমেলা ✔

C ঔষধ শিল্প

D কৃষিপণ্য

**Solution:**

দর্শক ও প্রকাশনা সংস্থার উপস্থিতির সংখ্যা বিবেচনায় বিশ্বের বৃহত্তম বইমেলা অনুষ্ঠিত হয় জার্মানির ফ্রাঙ্কফুর্ট শহরে। ১০০টির বেশি দেশের ৭০০ এর অধিক প্রকাশনা প্রতিষ্ঠান ফ্রাঙ্কফুর্ট বইমেলায় প্রতিবছর হাজির হয়।

Question 4

মাইকেল অ্যাঞ্জেলা কোন দেশের শিল্পী?

A অস্ট্রিয়া

B গ্রিস

C ইতালি ✔

D ফ্রান্স

**Solution:**

মাইকেল অ্যাঞ্জেলা ইতালির বিখ্যাত চিত্রশিল্পী ও ভাস্কর। তাঁর বিখ্যাত চিত্রকর্ম 'দি ক্রিয়েশন অব অ্যাডাম'। তাঁর ভাস্কর্য হলো মোজেস, ডেভিড, ইত্যাদি। ভিঞ্চির পরে তিনি খ্যাতিমান শিল্পী হিসেবে পরিচিতি লাভ করেন।

Question 5

কসোভো শান্তি সম্মেলন অনুষ্ঠিত হয় কত সালে?

A ১৯৯৭

B ১৯৯৮

C ১৯৯৯ ✔

D ২০০০

**Solution:**
মুসলিম প্রধান কসোভো ছিল সার্বিয়ার অংশ। অপরদিকে, সার্বিয়া ছিল অর্থোডক্স খ্রিষ্টান প্রধান। কসোভো স্বাধীনতা দাবি করলে ১৯৯৮ সালে কসোভোর আলবেনীয় বিদ্রোহীদের বিরুদ্ধে সার্বিয়া বাহিনীর যুদ্ধ শুরু হয়। এরই পরিপ্রেক্ষিতে ১৯৯৯ সালে ফ্রান্সের রেমবোয়েলটে কসোভো শান্তি সম্মেলন অনুষ্ঠিত হয়। পরবর্তীকালে, কসোভোতে জাতিসংঘের শান্তিরক্ষী মোতায়েন করা হয় এবং সেখানে জাতিসংঘ প্রশাসনের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত হয়।

Question 6

কোন বিপ্লবের ফলে ভারতের কুটির শিল্প ধ্বংস হয়ে যায়?

A ফরাসি বিপ্লব

B শিল্প বিপ্লব ✔

C রুশ বিপ্লব

D সাংস্কৃতিক বিপ্লব

**Solution:**
ইংল্যান্ডে শিল্প বিপ্লব অনুষ্ঠিত হয় অষ্টাদশ শতাব্দীতে (১৭৬০-১৯০০ সাল)। মূলত বস্ত্রখাতের উন্নয়ন থেকে এ বিপ্লবের সূচনা। পরবর্তী একশত বছরের মধ্যে এটি সমগ্র ইউরোপে ছড়িয়ে পড়ে। এর ফলে ভারতের কুটির শিল্প ধ্বংস হয়ে যায়।

Question 7

Greenpeace এর সদর দপ্তর কোথায় অবস্থিত?

A আমস্টারডাম ✔

B প্যারিস

C জেনেভা

D রোম

**Solution:**
Greenpeace ১৯৭১ সালে প্রতিষ্ঠিত হয়। Greenpeace এর সদর দপ্তর নেদারল্যান্ডের আমস্টারডামে অবস্থিত। নেদারল্যান্ডের রাজধানীর নাম আমস্টারডাম।

Question 8

‘লিবারেশন স্কয়ার’ কোথায় অবস্থিত?

A তেহরান

B কায়রো ✔

C আম্মান

D সিউল

**Solution:**
তাহরির স্কয়ার মিশরের কায়রোতে অবস্থিত। আরবিতে ডাকা হয় ‘ময়দান আল তাহরির’, ইংরেজিতে ‘লিবারেশন স্কয়ার’। এটিই কায়রোর গুরুত্বপূর্ণ জনসমাগমস্থল। জায়গাটিকে আগে ডাকা হতো ‘ইসমাইলিয়া ময়দান’নামে। মিশরের সাবেক প্রেসিডেন্ট হোসনি মোবারকের পদত্যাগের দাবিতে দেশজুড়ে যে গণবিক্ষোভ হয় তার মূল কেন্দ্রবিন্দু ছিল তাহরির স্কয়ার।

Question 9

ক্যারিবীয়ান অঞ্চলের কয়টি দেশ ল্যাটিন আমেরিকার অন্তর্গত?

A ৩টি ✔

B ৬টি

C ৮টি

D ১০টি

**Solution:**
ল্যাটিন আমেরিকায় মোট ২০টি স্বাধীন দেশ রয়েছে। দক্ষিণ আমেরিকার ১০টি দেশ ল্যাটিন আর ৩টি দেশ ল্যাটিন নয়। মধ্য আমেরিকার ৬টি, ক্যারিবীয়ান অঞ্চলের ৩টি ও উত্তর আমেরিকার ‘মেক্সিকো’ ল্যাটিন হিসেবে পরিচিত।

Question 10

যুক্তরাষ্ট্রের পতাকায় কতটি রেখা আছে?

A ১২

B ১৩ ✔

C ১৪

D ১৫

**Solution:**
মার্কিন যুক্তরাষ্ট্রের পতাকায় ১৩টি রেখা আছে এবং ৫০টি তারকা আছে। ৫০টি তারকা USA-র ৫০টি অঙ্গরাজ্য নির্দেশ করে।

Question 11

জো বাইডেন এর দলের নাম কী?

A রিপাবলিক পার্টি

B লিবার্টারিয়ান পার্টি

C ডেমোক্র্যাটিক পার্টি ✔

D ইন্ডিপেনডেন্ট পার্টি

**Solution:**
ডেমোক্র্যাটিক পার্টি (ইংরেজি Democratic Party) মার্কিন যুক্তরাষ্ট্রের একটি বৃহৎ রাজনৈতিক দল। এ দলের নির্বাচনী প্রতীক ‘গাধা’। মার্কিন রাজনীতিতে এ দলটি সামাজিক স্বাধীনতা ও উন্নয়ন প্রচলনের ধারণা নিয়ে কিছুটা বাম ঘরনার রাজনীতিতে সম্পৃক্ত। মার্কিন যুক্তরাষ্ট্রের সাবেক রাষ্ট্রপতি জো বাইডেন দলটি থেকে মনোনীত ১৬তম নির্বাচিত রাষ্ট্রপতি। সর্বশেষ ২০২৪ সালে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি নির্বাচনে ডেমোক্র্যাটিক পার্টি ২২৬টি আসনে জয় লাভ করে।

Question 12

দ্বিতীয় বিশ্বযুদ্ধ কবে শুরু হয়?

A ১ সেপ্টেম্বর, ১৯৩৯ ✔

B ২ সেপ্টেম্বর, ১৯৩৯

C ৭ সেপ্টেম্বর, ১৯৩৯

D ৬ জুলাই, ১৯৩৯

**Solution:**
১ সেপ্টেম্বর, ১৯৩৯ এডলফ হিটলার কর্তৃক পোল্যান্ড আক্রমণের মাধ্যমে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সূচনা হয়। এ যুদ্ধের অক্ষশক্তি ছিল যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, রাশিয়া, ফ্রান্স ও অন্যান্য দেশ। আনুষ্ঠানিকভাবে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরিসমাপ্তি ঘটে ২ সেপ্টেম্বর, ১৯৪৫ (জাপান কর্তৃক চুক্তি স্বাক্ষরের মাধ্যমে)।

Question 13

জিম্বাবুয়ে কোন দেশের উপনিবেশ ছিল?

- A যুক্তরাজ্য ✔
- B যুক্তরাষ্ট্র
- C ফ্রান্স
- D পর্তুগাল

**Solution:**
জিম্বাবুয়ে ছিল যুক্তরাজ্যের উপনিবেশ এর পূর্ব নাম দক্ষিণ রোডেশিয়া। এর রাজধানী হারারের পূর্ব নাম সলসবেরি।

Question 14

বিশ্বের বৃহত্তম ও গভীরতম রেল টানেলের নাম কী?

- A চ্যানেল টানেল, ফ্রান্স-যুক্তরাজ্য
- B বেইজিং সাবওয়ে, চীন
- C সিকান টানেল, জাপান
- D গোথার্ড বেস টানেল, সুইজারল্যান্ড ✔

**Solution:**
বিশ্বের বৃহত্তম ও গভীরতম রেল টানেলের নাম (Gotthard Base Tunnel) গোথার্ড বেস টানেল। এটি সুইজারল্যান্ডে অবস্থিত। এর দৈর্ঘ্য হলো ৫৭ কি.মি বা ৩৫.৫ মাইল।

Question 15

East London কোন দেশের নদী বন্দর?

- A ইংল্যান্ড

B অস্ট্রেলিয়া

C আমেরিকা

D দক্ষিণ আফ্রিকা ✔

**Solution:**
দক্ষিণ আফ্রিকায় অবস্থিত বাফেলো (Buffalo) নদীর তীরবর্তী শহর East London। ইংল্যান্ডের স্যার হ্যারি স্মিথ (Sir Harry Smith) এ নামকরণ করেন। ইস্ট লন্ডন দক্ষিণ আফ্রিকার একমাত্র নদী বন্দর।

Question 16

ভিক্টোরিয়া জলপ্রপাত কোথায় অবস্থিত?

A জাম্বিয়া ও জিম্বাবুয়ে ✔

B জিম্বাবুয়ে ও লাইবেরিয়া

C গাম্বিয়া ও সেনেগাল

D উগান্ডা ও সোয়াজিল্যান্ড

**Solution:**
ভিক্টোরিয়া জলপ্রপাত জাম্বিয়া ও জিম্বাবুয়ের সীমান্তে অবস্থিত। এখানে ১২৮ মিটার উঁচু হতে পানি পতিত হয়। এটি আফ্রিকার বৃহত্তম জলপ্রপাত।

Question 17

শারম আল শেখ কী?

A মিসরের অবকাশ কেন্দ্র ✔

B আরব আমিরাতের সমুদ্রবন্দর

C ব্রিটেনের পর্যটন কেন্দ্র

D বিখ্যাত ভূ-উপগ্রহ কেন্দ্র

**Solution:**
শারম আল শেখ মিশরের সিনাই উপদ্বীপের দক্ষিণ তীরে অবস্থিত একটি শহর। বর্তমানে শহরটি মিশরের একটি গুরুত্বপূর্ণ ভ্রমণ কেন্দ্র এবং অবকাশযাপন কেন্দ্র।

Question 18

উগান্ডাকে 'Pearl of Africa' নামে নামকরণ করেন –

A হেনরি কিসিঞ্জার

B উইনস্টন চার্চিল ✔

C জন এফ কেনেডি

D ক্লিমেন এটলি

**Solution:**
উগান্ডাকে Pearl of Africa বলা হয়। ব্রিটিশ প্রধানমন্ত্রী স্যার উইনস্টন চার্চিল এ নামকরণ করেন।

Question 19

'লীগ অব নেশন্স' প্রতিষ্ঠা হয় কবে?

A ১৯২০ সালে ✔

B ১৯১৭ সালে

C ১৯১৮ সালে

D ১৯২৫ সালে

**Solution:**
প্রথম বিশ্বযুদ্ধের পর বিশ্বশান্তি ও নিরাপত্তার জন্য ভার্সাই চুক্তির অংশ হিসেবে গঠিত হয় 'লীগ অব নেশন্স'। ভার্সাই চুক্তি স্বাক্ষরিত হয় ২৮ জুন, ১৯১৯ এবং কার্যকর হয় ১০ জানুয়ারি, ১৯২০। 'লীগ অব নেশন্স' বিলুপ্ত হয় ১৯৪৬ সালে।

Question 20

নিচের কোন দেশটির সাথে যুক্তরাষ্ট্রের আনুষ্ঠানিক কূটনৈতিক সম্পর্ক নেই?

A চীন

B জার্মানি

C জাপান

D ইরান ✔

**Solution:**
যে দেশগুলোর সাথে যুক্তরাষ্ট্রের আনুষ্ঠানিক কূটনৈতিক সম্পর্ক নেই কিউবা, ইরান, ভুটান, সুদান, উত্তর কোরিয়া ও তাইওয়ান।

Question 21

আমেরিকার স্বাধীনতার ঘোষণাপত্র তৈরি করেন কে?

A জর্জ ওয়াশিংটন

B রুজভেল্ট

C থমাস জেফারসন ✔

D হেনরি ট্রুম্যান

**Solution:**
আমেরিকার স্বাধীনতার ঘোষণাপত্র তৈরি করেন থমাস জেফারসন, জন অ্যাডামস এবং বেঞ্জামিন ফ্রাঙ্কলিন। আমেরিকার স্বাধীনতার জনক এবং প্রথম প্রেসিডেন্ট জর্জ ওয়াশিংটন।

Question 22

'গ্রীনল্যান্ড'-এর মালিকানা কোন দেশের?

A ডেনমার্ক ✔

B ইংল্যান্ড

C সুইডেন

D নেদারল্যান্ড

**Solution:**
গ্রীনল্যান্ড পৃথিবীর বৃহত্তম দ্বীপ যার রাজধানী নুক। দ্বীপটি ভৌগোলিকভাবে উত্তর আমেরিকা মহাদেশে অবস্থিত আর রাজনৈতিকভাবে ইউরোপের অর্থাৎ ডেনমার্কের শাসনাধীন।

Question 23

যুক্তরাষ্ট্রের নারীরা প্রথম ভোটাধিকার লাভ করে-

A ১৯৩১ সালে

B ১৯২০ সালে ✔

C ১৯১৮ সালে

D ১৮৯৩ সালে

**Solution:**
যুক্তরাষ্ট্রের নারীরা প্রথম ভোটাধিকার লাভ করে ১৯২০ সালে, উনিশতম সংশোধনীর মাধ্যমে। ১৮৯৩ সালে নিউজিল্যান্ডের নারীরা বিশ্বে প্রথম ভোটাধিকার লাভ করে। ১৯১৮ সালে বৃটেনের নারীরা ভোটাধিকার লাভ করে।

Question 24

রাশিয়ার পার্লামেন্ট এর নিম্নকক্ষের নাম কী?

A ডুমা ✔

B সোরা

C ডায়েট

D কংগ্রেস

**Solution:**
রাশিয়ার পার্লামেন্টের নিম্নকক্ষের নাম - স্টেট ডুমা।
মার্কিন যুক্তরাষ্ট্র, কলম্বিয়া ও মাইক্রোনেশিয়ার আইনসভার নাম- কংগ্রেস।
জাপানের আইনসভার নাম- ডায়েট।

Question 25

নিচের কোনটি স্ক্যান্ডিনেভীয় দেশ নয়?

A সুইডেন

B ইতালি ✔

C ডেনমার্ক

D নরওয়ে

**Solution:**

স্ক্যান্ডিনেভিয়ান দেশ ৫টি -

| দেশ | রাজধানী |
|---|---|
| ফিনল্যান্ড | হেলসিংকি |
| ডেনমার্ক | কোপেনহেগেন |
| আইসল্যান্ড | রেইকিয়াভিক |
| সুইডেন | স্টকহোম |
| নরওয়ে | অসলো |
| এই ৫টি দেশকে নর্ডিক অঞ্চলও বলা হয়। | |

Question 26

## ফরাসি বিপ্লবের মূল স্লোগান কী ছিল?

A মুক্তি, একতা ও সমতা

B গণতন্ত্র, সমাজতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা

C বিপ্লব, শিল্পায়ন ও উন্নয়ন

D স্বাধীনতা, সমতা ও ভ্রাতৃত্ব ✔

**Solution:**

ফরাসি বিপ্লবের স্লোগান ছিল → স্বাধীনতা, সমতা ও ভ্রাতৃত্ব। স্বাধীনতা, সাম্য ও ভ্রাতৃত্ব ছিল ফরাসি বিপ্লবের মূল শ্লোগান। এ শ্লোগানের প্রবক্তা ছিলেন দার্শনিক জ্যাক রুশো। দার্শনিক ভলতেয়ার এ বিপ্লব সংঘটনে ব্যাপক ভূমিকা রাখেন।

Question 27

## দক্ষিণ আমেরিকার চির বসন্তের দেশ কোনটি?

A ইকুয়েডর ✔

B আর্জেন্টিনা

C ব্রাজিল

D চিলি

**Solution:**

দক্ষিণ আমেরিকা মহাদেশের মোট স্বাধীন দেশ ১২টি। এই মহাদেশের অন্যতম দেশ ইকুয়েডরকে বলা হয় চিরবসন্তের দেশ। এই মহাদেশের আয়তন ও জনসংখ্যার বৃহত্তম দেশ ব্রাজিল এবং বিশ্বের সরু দেশ চিলি।

Question 28

প্রশান্ত মহাসাগরে যুক্তরাষ্ট্রের সপ্তম নৌবহরের সদর দপ্তর হচ্ছে —

A ইউকোসুক ✔

B হাওয়াই

C গুয়াম

D সুবিক বে

**Solution:**
প্রশান্ত মহাসাগরে যুক্তরাষ্ট্রের সপ্তম নৌবহরের সদর দপ্তর হলো জাপানের ইউকোসুকে অবস্থিত। এই নৌবহরে ৭০-৮০টি যুদ্ধ জাহাজ, ৩০০টি যুদ্ধ বিমান এবং প্রায় ৪০,০০০ সেনা রয়েছে। গুয়ামে যুক্তরাষ্ট্রের একটি নৌঘাঁটি রয়েছে। সুবিক বে তে যুক্তরাষ্ট্রের নৌঘাঁটি ২০১২ সালে প্রত্যাহার করা হয়।

Question 29

## পেরুর রাজধানী কোথায়?

A বুয়েন্স আয়ার্স

B লিমা ✔

C কারাকাস

D পোর্ট অব প্রিন্স

**Solution:**

| দেশ | রাজধানী |
|---|---|
| পেরু | লিমা |
| আর্জেন্টিনা | বুয়েন্স আয়ার্স |
| ভেনিজুয়েলা | কারাকাস |
| হাইতি | পোর্ট অব প্রিন্স |

Question 30

## নিচের কোন দেশটি ক্যারিবিয়ান অঞ্চলে অবস্থিত নয়?

A কিউবা

B গ্রানাডা

C হাইতি

D কানাডা ✔

**Solution:**

পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জ বা ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জের স্বাধীন দেশ ১৩টি। এই দ্বীপপুঞ্জের উল্লেখযোগ্য কয়েকটি দেশ। হাইতি, কিউবা, গ্রানাডা, বার্বাডোস, সেন্ট কিটস ও নেভিস, ত্রিনিদাদ ও টোবাগো ইত্যাদি।